# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০৬৭

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - আবূ বাকর সিদ্দীক ও ‘উমার ফারূক (রাঃ)-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

اَلْفصْلُ الثَّالِثُ (بَابِ مَنَاقِبِ أَبِي بَكْرٍ وَعُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا)

---

আরবী

عَنِ ابْنِ مَسْعُودٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «يَطَّلِعُ عَلَيْكُمْ رَجُلٌ مِنْ أَهْلِ الْجَنَّةِ» . فَاطَّلَعَ أَبُو بَكْرٍ ثُمَّ قَالَ: «يطَّلِعُ عَلَيْكُمْ رَجُلٌ مِنْ أَهْلِ الْجَنَّةِ» فَاطَّلَعَ عُمَرُ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيث غَرِيب

اسناده ضعیف ، رواه الترمذی (3694) * عبدالله بن عبد القدوس : ضعیف ، ضعفه الجمهور وله متابعة ضعیفة مردودة عند الطبرانی فی الکبیر (10 / 206 ح 10344) و الاعمش مدلس و عنعن ۔ ان صح السند الیه ۔
(ضَعِيف)

বাংলা

৬০৬৭-[১২] ইবনু মাস্‌’উদ (রাঃ) হতে বর্ণিত। একদিন নবী (সা.) বললেন, এমন এক লোক তোমাদের সামনে আগমন করবে, যে জান্নাতবাসীদের অন্তর্ভুক্ত। এরপরেই আবূ বকর (রাঃ) আগমন করলেন। অতঃপর তিনি (সা.) বললেন, তোমাদের সামনে আরেক লোক আগমন করবে, যে জান্নাতবাসীদের অন্তর্ভুক্ত। এবার ’উমার (রাঃ) এসে প্রবেশ করলেন। [ইমাম তিরমিযী (রহিমাহুল্লাহ) হাদীসটি বর্ণনা করেছেন এবং তিনি বলেছেন, হাদীসটি গরীব]

ফুটনোট

যঈফ: তিরমিযী ৩৬৯৪ - সনদ য'ঈফ, আমাশ ‘আন দ্বারা বর্ণনা করেছেন, আর তার ছাত্র আবদুল্লাহ ইবনু 'আবদুল কুদ্দুস য'ঈফ, আওয়ারুস্ সহীফাহ্ ৩০৬ পৃ. আল মুসতাদরাক লিল হাকিম ৪৪৪৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: طلع (يَطَّلِعُ عَلَيْكُمْ رَجُلٌ) মাসদার হতে নির্গত যার অর্থ প্রবেশ করবে, প্রকাশ ঘটবে, আগমন করবে ইত্যাদি উক্ত হাদীসে আবূ বাকর ও ‘উমার (রাঃ)-এর ফযীলত বর্ণিত হয়েছে এবং দুনিয়াতেই জান্নাতের সুসংবাদপ্রাপ্ত হয়েছেন। (তুহফাতুল আহ্ওয়াযী ৯/৩৭০৩)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86043

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন